

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ / ০৫ জুন, ২০১৪ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১১৫-আইন/২০১৪/৭১০-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৬ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ২০ বৈশাখ, ১৪০৬ বঙ্গাব্দ মোতাবেক ৩ মে, ১৯৯৯ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ৯৪-আইন/৯৯/২০৯-মূসক এর মাধ্যমে জারিকৃত “মূল্য সংযোজন কর পরিশোধ ব্যতীত চা বাগান হইতে চা অপসারণ (বিশেষ) বিধিমালা, ১৯৯৯” এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার বিধি ১৪ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত “পরবর্তী যে কোনো কর মেয়াদে” শব্দগুলির পরিবর্তে “আইনের ধারা ৯ এর উপ-ধারা (১) এর শর্তাংশে উল্লিখিত পরিস্থিতির ক্ষেত্রে পরবর্তী দুই কর মেয়াদে” শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(হাছান মুহম্মদ তারেক রিকাবদার)
দ্বিতীয় সচিব (মূসক-আইন ও বিধি)